

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০

পত্র নং বাঃ স্কাঃ(উন্নয়ন)২১৬৪(৫)/২০২৫

তারিখঃ ১৩ চৈত্র ১৪৩১
২৭ মার্চ ২০২৫

দোকান ভাড়া বিজ্ঞপ্তি

বাংলাদেশ স্কাউটস এর জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক গাজীপুর ফুটওভার ব্রিজ সংলগ্ন হাইওয়ে রোডের সাথে সম্পূর্ণভাবে প্রস্তুতকৃত ৫টি আধাপাকা টিনসেড দোকান ভাড়া প্রদানের নিমিত্ত প্রকৃত ব্যবসায়ীদের নিকট হতে উন্মুক্ত দর আহবান করা যাচ্ছে। ভাড়া গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান-কে নির্ধারিত সিডিউল এ সীলমোহরযুক্ত খামে দরপত্রে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

বিবরণ	দরপত্র আহবানের তারিখ	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
মৌচাক, গাজীপুর ফুটওভার ব্রিজ সংলগ্ন হাইওয়ে রোডের সাথে ৫টি দোকান ভাড়া	২৭/০৩/২৫	১৫/০৪/২৫ দুপুর ২:০০টা	১৬/০৪/২৫ বিকাল ৩:০০টা	১৬/০৪/২৫ বিকাল ৪:০০টা

শর্তাবলী :

- পরিচালক, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাক, গাজীপুর এর দপ্তর হতে অফিস চলাকালীন সকাল ১০.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত প্রতিটি ৩০০/ (তিনশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে এবং সিডিউল ক্রয় রশিদ দরপত্রের সাথে দাখিল করতে।
- আগামী ১৬/০৪/২৫ তারিখ বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে ডাকযোগে/সশরীরে নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা অফিসে রক্ষিত বাস্তব সীলমোহরযুক্ত খামে দরপত্র দাখিল করতে হবে। ঐ দিন বিকাল ৪:০০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। খামের উপর অবশ্যই দরপত্র সিডিউল নং এবং দরদাতার নাম ঠিকানা উল্লেখ করতে হবে।
- প্রতি সেট দরপত্রের সাথে নিম্নলিখিত কাগজ পত্রাদি অবশ্যই দাখিল করতে হবে:
 - ক) কমপক্ষে ০৩(তিন) বছর অভিজ্ঞতা সম্পন্ন হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স;
 - খ) সর্বশেষ আয়কর প্রদানের সার্টিফিকেট/পে প্লিপ;
 - গ) জাতীয় পরিচয় পত্র এবং পাসপোর্ট সাইজের ১ কপি ছবি।
- প্রতিটি দরপত্রের সাথে রূপালী ব্যাংক লি: এর যে কোন শাখা হতে "নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস" শিরোনামে দরপত্র জামানত হিসেবে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার মাত্র) টাকার পে-অর্ডার (ফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে অন্যথায় দরপত্রটি বিবেচিত হবে না। পে-অর্ডার নং, ব্যাংক শাখার নাম ফরমের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে।
- দোকানসমূহ ১ থেকে ৫ পর্যন্ত নাম্বারিং করা আছে এবং প্রতিটির জন্য ভিন্ন ভিন্ন সিডিউল ক্রয় করতে হবে। তবে ১জন ব্যক্তি/প্রতিষ্ঠান ২টির বেশি সিডিউল ক্রয় করতে পারবে না। সিডিউল এ উদ্ধৃত দর মাসিক ভাড়া হিসেবে বিবেচিত হবে।
- কর্তৃপক্ষের অনুমোদনের পর সর্বোচ্চ দরদাতাকে ৫(পাঁচ)দিনের মধ্যে এককালীন নিরাপত্তা জামানতের সমুদয় টাকা জমা দিয়ে ভাড়া চুক্তি সম্পন্ন করে দোকান বুঝে নিতে হবে। অন্যথায় দরপত্র জামানত পে-অর্ডার বাজেয়াপ্ত করা হবে।
- দোকান ব্যাতিত কোন অফিস/গ্যারেজ হিসেবে ব্যবহার করা যাবে না এবং সাবলেট হিসেবে অন্যত্র ভাড়া দেয়া যাবে না।
- এককালীন নিরাপত্তা জামানতের পরিমাণ সিডিউল এ উদ্ধৃত দর/মাসিক ভাড়ার ১২ গুণের সমপরিমাণ। অর্থাৎ উদ্ধৃত দর ৭০০০/- হলে এককালীন নিরাপত্তা জামানতের পরিমাণ ৭০০০/-x ১২= ৮৪,০০০/- (চুরাশি হাজার)।

স্বাক্ষর

- ৯। অফিস চলাকালীন সকাল ১০.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত দোকানসমূহ সরজমিনে পরিদর্শন করতে পারবেন। যে কোন সহযোগীতার জন্য জনাব মোঃ মশিউর রহমান, উপ পরিচালক, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাক, গাজীপুর, ০১৭১২৮৬৪১১৫ মহোদয়ের সাথে যোগাযোগ করা যাবে।
- ১০। বিজ্ঞপ্তিতে উল্লিখিত দোকানসমূহের বাস্তব অবস্থা দেখে ও বুঝে দরপত্রে অংশগ্রহণ করতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ১১। দাখিলকৃত অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র বিবেচনার জন্য গ্রহণ করা হবে না। দরপত্রে উল্লিখিত শর্তাবলী পরিবর্তন, সংযোজন কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মোঃ মশিউর
২৭/৩/২৫

(মোসাঃ মাহফুজা পারভীন)

আহবায়ক, দরপত্র মূল্যায়ন কমিটি ও
পরিচালক (প্রোগ্রাম)
বাংলাদেশ স্কাউটস

বিতরণ :

- ১। নোটিশ বোর্ড, বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর;
- ২। নোটিশ বোর্ড, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর;
- ৩। ওয়েব সাইট, বাংলাদেশ স্কাউটস;
- ৪। দোকানের সাটারের উপর দৃশ্যমান স্থানের নোটিশ বোর্ড;

সদয় জ্ঞাতার্থে :

- ১। সদস্য (উন্নয়ন ও প্রকল্প), এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস;
- ২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস।